হল্যান্ড ব্লুরভিউ
কিডস রিহ্যাবিলিটেশন হাসপাতাল
150 কিলগোর রোড
টরন্টো ON কানাডা M4G 1R8
টেলিফোন 416 425 6220
টেলিফোন 800 363 2440
ফ্যাক্স 416 425 6591
www.hollandbloorview.ca

সম্পূর্ণভাবে টরন্টো ইউনিভার্সিটির
অধীনস্থ একটি টিচিং হাসপাতাল

19শে জানুয়ারি, 2022

# পরিবারের মনোনীত পরিচর্যাকারীদের জন্য দৈনিক র‌্যাপিড টেস্টিং প্রোগ্রাম

হাসপাতালে পরিচর্যাকারীর উপস্থিতি অব্যাহত রাখতে ও যে কোনও স্বাস্থ্য এবং নিরাপত্তা সম্পর্কিত ঝুঁকি কমানোর জন্য ওন্টারিও হেলথ 2021 সালের ডিসেম্বরে দৈনিক পরীক্ষার অন্তর্ভুক্তি সমর্থন করে টরন্টো অঞ্চলের হাসপাতালগুলির প্রতি একটি সাম্প্রতিক নির্দেশিকা জারি করেছে। মনোনীত পারিবারিক পরিচর্যাকারীদের ক্ষেত্রে যেহেতু COVID-19-এর টিকা সম্পূর্ণ হওয়ার প্রমাণ দেওয়ার প্রয়োজন হয় না, তাই দৈনিক টেস্টিং সমস্ত ক্লায়েন্ট, পরিবার এবং কর্মীদের জন্য নিরাপত্তার আরেকটি মাত্রা সংযুক্ত করে।

দৈনিক টেস্টিং হাসপাতালে উপস্থিত প্রত্যেকের প্রতি সম্ভাব্য সুরক্ষিত পরিবেশ তৈরি করতে আমাদের পক্ষ থেকে সর্বাঙ্গীণ নিরাপত্তা দেওয়ার একটি উপায়ের অংশ। এই ব্যবস্থাগুলির মধ্যে রয়েছে:

- তিনজন মনোনীত পারিবারিক পরিচর্যাকারীদের নির্ধারিত স্থানে সনাক্তকরণ
- সকল কর্মী, শিক্ষার্থী, স্বেচ্ছাসেবক, গ্রাহক এবং পরিবারের মূল গেটে স্ক্রীনিং
- যে পরিচর্যাকারীরা নির্দিষ্ট কিছু জায়গায়, যেমন একাধিক জনের একসাথে থাকার ঘর এবং সর্বসাধারণের ব্যবহারের জায়গায় (যেমন খাওয়ার জায়গা, যেখানে মাস্ক খুলতে হয়) সম্পূর্ণরূপে শারীরিক দূরত্ব বজায় রাখতে সক্ষম নন তাদের জন্য ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের বিধান
- চাকরি এবং/অথবা সাইটে থাকার শর্ত হিসাবে সমস্ত কর্মী, শিক্ষার্থী, স্বেচ্ছাসেবক এবং ঠিকাদারদের টিকা দেওয়ার প্রমাণ প্রদান করতে বাধ্য করা হয়েছে

মনোনীত পারিবারিক পরিচর্যাকারীদের মধ্যে শুরু থেকে র‌্যাপিড টেস্টিং প্রোগ্রামের ফলে কোভিড পজিটিভ কেস হিসাবে বেশ কয়েকজনকে সনাক্ত করা গেছে। এই প্রাথমিক সনাক্তকরণের ফলে আমরা আমাদের ক্লায়েন্ট, পরিবার এবং কর্মীদের নিরাপদে রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুযোগ পাই।

## প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

1. **মনোনীত পারিবারিক পরিচর্যাকারীদের আমরা কেন প্রতিদিন পরীক্ষা করতে বলছি?**
    a. সম্প্রদায়ের মধ্যে COVID-19 খুব বেশী ছড়িয়ে পড়ার কারণে, শিশু, যুবক এবং পরিবারগুলি যখন আমাদের নির্ধারিত স্থানে পুনর্বাসন কর্মসূচিতে অংশগ্রহণ করেন তখন তাদের জন্য সম্ভাব্য নিরাপদ পরিবেশ প্রদান করাই আমাদের মূল লক্ষ্য থাকে।
    b. আমাদের পুনর্বাসন প্রোগ্রামের দুর্বল গ্রাহকদের নিরাপদে রাখার জন্য আমরা সমস্ত সম্ভাব্য নিরাপত্তা সম্পর্কিত সতর্কতা অবলম্বন করতে চাই।

c. আমাদের হাসপাতালে থাকা রোগীদের এবং প্রতিদিন বাইরে থেকে হাসপাতালে আসা গ্রাহকদের মনোনীত পারিবারিক পরিচর্যাকারীদের জন্য হল্যান্ড ব্লুরভিউ অন্যান্য হাসপাতালের মতোই প্রত্যেকবার হাসপাতালে ঢোকার আগে পরীক্ষা করা হবে, এমন একটি দৈনিক র‍্যাপিড টেস্টিং প্রোগ্রাম চালু করবে।

d. এই পরীক্ষাগুলি সাধারণ, নিরাপদ এবং ব্যবহার করার পক্ষে সহজ; এই পরীক্ষার ফলে খুব তাড়াতাড়ি COVID-এর যে কোনও কেস ধরতে আমাদের সহায়তা করার সাথে সাথে আপনি 15 মিনিটের মধ্যে ফলাফল জানতে পারবেন।

2. **আমার দৈনিক র‍্যাপিড টেস্ট করা হয়নি, আমি নিজের টেস্ট এখন কোথায় করাতে পারি?**

a. আমাদের কাছে আপনার জন্য 1E170-এ একটি ব্যক্তিগত রুম আছে যেখানে আপনি পরীক্ষা করাতে পারেন।

b. এটি দোতলায়, যেখান থেকে পুল দেখা যায়, সেই জায়গার ঠিক পরেই, আর্ট সেন্টারের কাছে।

c. আপনি স্ক্রীনিং প্রক্রিয়া সম্পূর্ণ করতে আপনি টেস্ট করার পরে, স্ক্রীনিংয়ে ফিরে আসবেন।

d. একজন স্ক্রিনার, যদি স্ক্রীনিং-এ ব্যস্ত না থাকেন, তাহলে মনোনীত পারিবারিক পরিচর্যাকারীকে 1E170 এ সাথে করে নিয়ে যেতে পারেন। স্ক্রিনিং-এ সবাই ব্যস্ত থাকলে, ফ্রন্ট ডেস্ক এবং সিকিউরিটিদের থেকে কাউকে সাথে যেতে বলা হতে পারে।

e. মনোনীত পারিবারিক পরিচর্যাকারীরা তাদের পছন্দ অনুযায়ী বাইরে (আবহাওয়ার উপর ভিত্তি করে) বা তাদের গাড়িতে বসেই পরীক্ষাটি সম্পূর্ণ করতে পারেন।

3. **হল্যান্ড ব্লুরভিউ-এর কর্মীদের দৈনিক টেস্টিং করতে কেন বলা হয় না?**

a. বর্তমানে হল্যান্ড ব্লুরভিউ-এর সমস্ত কর্মীদের মধ্যে যাদের চিকিৎসাগত ক্ষেত্রে নিরাপত্তা সম্পর্কিত সমস্যা আছে, তারা ছাড়া সবাই টিকা নিয়েছেন।

b. কর্মীদের সাইটে আসার আগে অনলাইনে বা ব্যক্তিগতভাবে COVID স্ক্রীনিং সম্পূর্ণ করতে হবে এবং তারা যে COVID-এর সংস্পর্শে নেই বা তাদের কোনওরকম উপসর্গও নেই, সেই সম্পর্কে অবশ্যই রিপোর্ট করতে হবে।

c. কর্মীরা গ্রাহক এবং পরিবারের সংস্পর্শে থাকাকালীন সবসময় সম্পূর্ণ ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম পরে থাকেন।

d. কোনও কোভিড পজিটিভ ব্যক্তি বা উপসর্গ রয়েছে এমন ব্যক্তির সংস্পর্শে আসা সমস্ত কর্মীদের স্ব-বিচ্ছিন্ন হয়ে বাড়িতে থেকে পরীক্ষা করাতে বলা হয়েছে, এবং শুধুমাত্র হাসপাতাল যখন নিরাপদ বলে মনে করবে তখনই ফিরে আসতে বলা হবে।

4. **মনোনীত পারিবারিক পরিচর্যাকারীদের কি প্রতিদিন দৈনিক টেস্টিং করতে হবে?**

a. যদি আপনি হাসপাতালে থাকেন, আমরা আপনাকে হাসপাতালে আসার আগে দৈনিক টেস্টিং সম্পূর্ণ করতে বলব।

b. যে দিনগুলিতে আপনি হাসপাতালের ভিতরে থাকবেন না, সেই দিনগুলিতে আমরা আপনাকে দৈনিক টেস্টিং সম্পূর্ণ করতে বলব না।

5. **আমি দুটি/তিনটি টিকা নিয়েছি, তবুও কেন আমাকে দৈনিক টেস্টিং করতে হবে?**
   a. COVID-এর বিরুদ্ধে এবং গুরুতর অসুস্থতা ও মৃত্যু প্রতিরোধ করার ক্ষেত্রে আমরা জানি যে টিকাদানই হল সর্বোত্তম সুরক্ষা।
   b. এমনকি যারা টিকা নিয়েছেন তাদেরও COVID হওয়ার সম্ভবনা থাকতে পারে এবং তারা অন্যদের মধ্যে ভাইরাস ছড়িয়ে দিতে পারেন, তাও আমরা জানি।
   c. দৈনিক টেস্টিং সুরক্ষার আরেকটি স্তর বৃদ্ধি করে টিকা নেওয়া মানুষের মধ্যে খুব তাড়াতাড়ি কেস সনাক্ত করতে সহায়তা করতে পারে।

6. **আমি যদি টেস্টিং-এর প্রক্রিয়া সম্পূর্ণ করতে অস্বীকার করি?**
   a. আমরা হাসপাতালে ভিতরের রোগীদের সাথে থাকা এবং বাইরে থেকে হাসপাতালে আসা গ্রাহকদের সাথে থাকা মনোনীত পারিবারিক পরিচর্যাকারীদের নিরাপত্তা এবং সুরক্ষার অতিরিক্ত স্তর হিসাবে দৈনিক টেস্টিং সম্পূর্ণ করতে বলছি।
   b. আমাদের পুনর্বাসন প্রোগ্রামের দুর্বল গ্রাহকদের নিরাপদে রাখার জন্য আমরা সমস্ত সম্ভাব্য নিরাপত্তা সম্পর্কিত সতর্কতা অবলম্বন করতে চাই।
   c. আপনি যদি এই প্রোগ্রামে অংশগ্রহণ করতে অস্বীকার করেন: মনোনীত পারিবারিক পরিচর্যাকারী দৈনিক টেস্টিং সম্পূর্ণ না করলে, স্ক্রীনাররা ইউনিটের সাথে যোগাযোগ করে সে কথা জানাবেন এবং অপারেশন ম্যানেজার শীঘ্রই আলোচনা করার জন্য আপনার সাথে যোগাযোগ করবেন।

7. **এই বিষয়ে (স্ক্রিনিং চলাকালীন) যদি মনোনীত পারিবারিক পরিচর্যাকারীরা অন্য কারোর সাথে কথা বলতে চান, তাহলে:**
   a. কাজের সময়ে: ইউনিট ম্যানেজারের সাথে যোগাযোগ করুন।
   b. অন্যান্য সময়ে: ম্যানেজারের সাথে ফোনে যোগাযোগ করুন।

8. **একবার টেস্ট করে ভিতরে ঢুকে যাওয়ার পরে যদি তাজা হাওয়ার জন্য বাইরে যাই, তাহলে কি আবার আমাকে টেস্টিং করতে হবে?**
   a. না, দিনে একবার মাত্র আপনাকে টেস্টিং করতে হবে।
   b. অনুগ্রহ করে স্ক্রীনিং সম্পূর্ণ করার পরে "আমার স্ক্রীন সম্পূর্ণ হয়েছে" স্টিকারটি নিন।

9. **মনোনীত পারিবারিক পরিচর্যাকারীরা অনলাইনে স্ক্রীনিং ডিক্লিয়ারেশন সম্পূর্ণ করতে পারে কি?**
   a. না, এই মুহূর্তে আমরা হাসপাতালে থাকা রোগী এবং বাইরে থেকে রিহ্যাবে আসা গ্রাহকদের মনোনীত পারিবারিক পরিচর্যাকারীদের ক্ষেত্রে অনলাইনে স্ক্রীনিং ডিক্লিয়ারেশন বন্ধ রেখেছি।